

বিষয়: বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এর কর্মচারী (কন্ড্রিবিউটরি) ভবিষ্য তহবিল নীতিমালা, ২০২৩
এর খসড়ার উপর মতামত প্রদান।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এর কর্মচারী (কন্ড্রিবিউটরি) ভবিষ্য তহবিল নীতিমালা, ২০২৩ (সংযুক্তি-১) এর খসড়া চূড়ান্তকরণের লক্ষ্যে ১৫(পনের) দিনের মধ্যে জনসাধারণের মতামতের জন্য এ বিভাগের ওয়েব সাইটে আপলোড করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, বর্ণিত নীতিমালাটি ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।



৩১-১-২০২৩

উপসচিব
আইসিটি সেল
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

মোঃ জাহিদ হোসেন

উপসচিব

ফোন: ০২২২৩৩৫৪০১০

ফ্যাক্স: ৯৫১৩৫০০

ইমেইল:

ds.insurance@fid.gov.bd

ইউ. ও. নোট নম্বর: ৫৩.০০.০০০০.৪৪১.২২.০০১.২৩.৪৪

তারিখ: ১৭ মাঘ ১৪২৯

৩১ জানুয়ারি ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), বীমা, পরিবীক্ষন ও মূল্যায়ন অনুবিভাগ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
- ২) যুগ্মসচিব, বীমা, পরিবীক্ষন ও মূল্যায়ন অনুবিভাগ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ



৩১-১-২০২৩

মোঃ জাহিদ হোসেন

উপসচিব

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্মচারী (কন্ট্রিবিউটরি) ভবিষ্য তহবিল নীতিমালা, ২০২২

যেহেতু বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামো সরকার কর্তৃক অনুমোদিত হইয়াছে এবং 'বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্মচারী চাকরি প্রবিধানমালা- ২০২১' প্রণীত হইয়া গেজেট আকারে প্রকাশিত হইয়াছে, সেহেতু বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কর্মচারীগণের আর্থিক সুবিধা প্রদানের নিমিত্ত ভবিষ্য তহবিল ব্যবস্থা প্রচলন ও সুষ্ঠুভাবে পরিচালনার একটি নীতিমালা প্রয়োজন। এই বিবেচনায় কর্তৃপক্ষ 'বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্মচারী (কন্ট্রিবিউটরি) ভবিষ্য তহবিল নীতিমালা- ২০২২' প্রণয়ন করা হইল।

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।- (১) এই নীতিমালা 'বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্মচারী (কন্ট্রিবিউটরি) ভবিষ্য তহবিল নীতিমালা- ২০২২' নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।- (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি না হইলে, এই নীতিমালায়-

(ক) 'উত্তরাধিকারী' অর্থ ভবিষ্য তহবিলে সদস্য কর্তৃক তীহার অনুপস্থিতিতে ভবিষ্য তহবিলের অর্থ গ্রহণের জন্য মনোনীত ব্যক্তি/ব্যক্তিবৃন্দ অথবা মনোনীত ব্যক্তি/ব্যক্তিবৃন্দের অনুপস্থিতিতে বাংলাদেশের প্রচলিত উত্তরাধিকারী আইন অনুযায়ী ব্যক্তি/ব্যক্তিবৃন্দ;

(খ) 'ঋণ' অর্থ ভবিষ্য তহবিলের সদস্য কর্তৃক তহবিল হতে গৃহীত ঋণ;

(গ) 'কর্তৃপক্ষ' অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনে ১২ নং আইন) এর অধীনে প্রতিষ্ঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;

(ঘ) 'কর্মচারী' অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে কর্মরত সকল শ্রেণীর কর্মকর্তা/কর্মচারী (প্রেষণ ব্যতিত);

(ঙ) 'চাঁদা' অর্থ একজন সদস্য এবং কর্তৃপক্ষ কর্তৃক ভবিষ্য তহবিলে প্রদত্ত মাসিক চাঁদা;

(চ) 'চেয়ারম্যান' অর্থ ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান;

(ছ) 'নিরীক্ষক' অর্থ ভবিষ্য তহবিলের আয়-ব্যয়ের হিসাব ও স্থিতিপত্র নিরীক্ষার জন্য নিয়োজিত ব্যক্তি/প্রতিষ্ঠান;

(ঝ) 'পরিবার' অর্থ কোন সদস্যের উপর নির্ভরশীল ব্যক্তি/ব্যক্তিবৃন্দ, স্ত্রী/স্বামী, সন্তান, পিতা-মাতা, অবিবাহিত বোন, নাবালক ভাই এবং মৃত পুত্রের বিধবা স্ত্রী বা স্ত্রীগণ ও সন্তানগণ;

(ঞ) 'বেতন' অর্থ কোন কর্মকর্তা/কর্মচারীর মূল বেতন (Basic Pay);

(ট) 'ভবিষ্য তহবিল' অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কর্মচারীদের আর্থিক সুবিধা প্রদানের জন্য গঠিত তহবিল;

(ঠ) 'সদস্য' অর্থ ভবিষ্য তহবিলের সদস্য যিনি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের একজন স্থায়ী কর্মচারী;

(ড) 'ট্রাস্টি বোর্ড' অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কর্মচারী (কন্ট্রিবিউটরি) ভবিষ্য তহবিল পরিচালনার জন্য গঠিত বোর্ড;

(ঢ) 'হিসাব বছর' অর্থ সরকারি অর্থ বছর।

(২) এই নীতিমালায় ব্যবহৃত যেই সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা দেওয়া হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন ২০১০ এবং এর অধীনে প্রণীত বিধি ও প্রবিধানমালায় যে অর্থে ব্যবহৃত হইয়াছে, সেই অর্থ প্রযোজ্য হইবে।


ফাহিমদা সারওয়ার
কর্মকর্তা
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ


20 SEP 2022
মোহাম্মদ জয়বুল বারী
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

দ্বিতীয় অধ্যায়

ভবিষ্য তহবিল গঠন ও ট্রাস্টি বোর্ড এর মাধ্যমে পরিচালনা

৩। ভবিষ্য তহবিল গঠন।- (১) নিম্নলিখিত অর্থ/সম্পদ দ্বারা তহবিল গঠিত হইবেঃ

- (ক) প্রত্যেক সদস্যের মাসিক মূল বেতন হইতে কর্তনকৃত টাকা;
- (খ) বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত টাকা;
- (গ) বিনিয়োগ হতে প্রাপ্ত/প্রাপ্ত সুদ/মুনাফা, লভ্যাংশ ইত্যাদি;
- (ঘ) ট্রাস্টের যে কোন সম্পদের হস্তান্তর বা বিক্রয় জনিত মূলধন জাতীয় আয়;
- (ঙ) যে কোন খাত হতে প্রাপ্ত অনুদান।

(২) ভবিষ্য তহবিল একটি ট্রাস্টি বোর্ড দ্বারা পরিচালিত হইবে।

৪। ট্রাস্টি বোর্ড।- (১) ট্রাস্টি বোর্ডের সদস্য সংখ্যা হইবে ৬ (ছয়) জন। ট্রাস্টি বোর্ড নিম্নলিখিতভাবে গঠিত হইবে:

(ক)	কর্তৃপক্ষের একজন সদস্য	চেয়ারম্যান
(খ)	কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক (প্রশাসন)	সদস্য
(গ)	কর্তৃপক্ষের ৯ম বা তদুর্ধ্ব শ্রেণির কর্মচারীদের মধ্য হইতে একজন প্রতিনিধি	সদস্য
(ঘ)	কর্তৃপক্ষের ১০-১৫তম শ্রেণির কর্মচারীদের মধ্য হইতে একজন প্রতিনিধি	সদস্য
(ঙ)	কর্তৃপক্ষের ১৬-২০তম শ্রেণির কর্মচারীদের মধ্য হইতে একজন প্রতিনিধি	সদস্য
(চ)	কর্তৃপক্ষের পরিচালক (প্রশাসন)	সদস্য-সচিব

(২) কর্তৃপক্ষের সদস্য কর্তৃপক্ষের চেয়ারম্যান কর্তৃক মনোনীত হইবেন। কর্তৃপক্ষে কর্মরত কর্মচারীদের শ্রেণি অনুযায়ী প্রতিনিধি সংশ্লিষ্ট শ্রেণি কর্মরত কর্মচারীদের দ্বারা নির্বাচিত হইবে।

৫। ট্রাস্টি বোর্ডের মেয়াদ।- ট্রাস্টি বোর্ডের সকল সদস্য ৩ (তিন) বছর মেয়াদে স্ব স্ব পদে অধিষ্ঠিত থাকিবেন। তবে শর্ত থাকে যে, উক্ত মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও নতুন ট্রাস্টি বোর্ড কার্যভার গ্রহণ না করা পর্যন্ত তাহারা স্বীয় পদে বহাল থাকিবেন। ট্রাস্টি বোর্ডের কোন সদস্যের মৃত্যু হইলে, পদত্যাগ করিলে অথবা বদলী হইলে অথবা অন্য কোন কারণে ট্রাস্টি বোর্ডের সদস্যপদ শূন্য হইলে ৪(২) অনুচ্ছেদে বর্ণিত প্রক্রিয়ায় এক মাসের মধ্যে শূন্য পদ পূরণ করিতে হইবে।

৬। ট্রাস্টি বোর্ডের সদস্যদের ক্ষমতা।- ট্রাস্টি বোর্ডের সদস্যগণ এই নীতিমালার অধীনে ভবিষ্য তহবিলের ব্যবস্থাপনার নিয়ন্ত্রণ ও উদ্দেশ্য বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণে সকল ক্ষমতার অধিকারী হইবেন।

৭। ট্রাস্টি বোর্ডের সদস্যদের ক্ষমতা নিয়ন্ত্রণ।- ট্রাস্টি বোর্ডের সদস্যগণ নিষ্ঠা ও সততার সাথে তীহাদের দায়িত্ব পালন করিবেন। সদস্যদের ইচ্ছাকৃত যে কোন ভুলের কারণে তহবিলের আর্থিক ক্ষতি সাধন হইলে এবং তাহা প্রমাণিত হইলে সংশ্লিষ্ট সদস্য উক্ত ক্ষতির দায়-দায়িত্ব বহন করিবেন। তবে ব্যক্তিগত অবহেলা ও দায়িত্বহীনতার কারণে সংঘটিত নয় এমন কোন বিনিয়োগ/কর্মকান্ড হইতে উদ্ভূত আর্থিক ক্ষতি বা অন্য কোন ক্ষতির প্রেক্ষিতে ট্রাস্টি বোর্ডের সদস্যদের দায়বদ্ধতা থাকিবে না।

৮। ট্রাস্টি বোর্ডের সদস্যদের কার্যক্রম।- (১) ভবিষ্য তহবিলের আয়-ব্যয়ের হিসাব এবং স্থিতিপত্রের নিরীক্ষিত প্রতিবেদন প্রাপ্তির এক মাসের মধ্যে ট্রাস্টি বোর্ড সভায় মিলিত হয়ে নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা করে সদস্যদের জন্য সুদ/মুনাফার হার ঘোষণা করিতে হইবে। এ ছাড়াও কমপক্ষে প্রতি ছয় মাস অন্তর অন্তর ট্রাস্টি বোর্ড সভায় মিলিত হইয়া ভবিষ্য তহবিলের সামগ্রিক কার্যক্রম পর্যালোচনা করিবেন। ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ন্যূনতম সাত দিনের সময় দিয়া এইরূপ সভা আহবান করিবেন।

(২) ট্রাস্টি বোর্ডের সভায় যে কোন সিদ্ধান্ত গ্রহণের জন্য ন্যূনতম দুই-তৃতীয়াংশ সদস্যদের উপস্থিতি নিশ্চিত করে সভার কোরাম পূর্ণ করিতে হইবে।

(৩) ট্রাস্টি বোর্ডের সভার সিদ্ধান্ত উপস্থিত সংখ্যা গরিষ্ঠ সদস্যদের মতামতের ভিত্তিতে গৃহীত হইবে।

(৪) সদস্যদের মতামত সমান হইলে সেই ক্ষেত্রে চেয়ারম্যান যেইরূপ সিদ্ধান্ত প্রদান করিবেন তাহাই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

- (৫) ট্রাস্ট তহবিলের আর্থিক স্বচ্ছতা এবং দক্ষতা ও প্রজ্ঞার সাথে তহবিলের অর্থের বিনিয়োগ এবং অভ্যন্তরীণ কার্যক্রম নিয়ন্ত্রণ ব্যবস্থা নিশ্চিত করিবেন;
- (৬) প্রতি হিসাব বছর শেষে ট্রাস্টি বোর্ডে ভবিষ্য তহবিলের সকল সদস্যকে লিখিতভাবে তীহার নামে জমাকৃত অর্থের হিসাব অবহিত করিবেন।

৯। চাঁদা- (১) প্রত্যেক সদস্য প্রতি মাসে তীর মূল বেতনের ১০% (দশ শতাংশ) অর্থ (টাকা) ভবিষ্য তহবিলে চাঁদা প্রদান করিবেন। তবে কর্তৃপক্ষ প্রয়োজনে এই হার পুনঃনির্ধারণ করিবার ক্ষমতা সংরক্ষণ করিবে।

- (২) কর্তৃপক্ষ প্রতিমাসে প্রত্যেক সদস্যদের জন্য তীর মূল বেতনের ৮.৩৩% অর্থ (টাকা) চাঁদা হিসাবে ভবিষ্য তহবিলে জমা প্রদান করিবে।
- (৩) সদস্যগণ এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সকল চাঁদা আদায়ের ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে ভবিষ্য তহবিলের সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা করিতে হইবে।
- (৪) কোন কর্মচারীর ভবিষ্য তহবিলের হিসাবে যে অর্থ জমা থাকে সেই অর্থ কোনভাবেই হস্তান্তরযোগ্য বা দায়বদ্ধযোগ্য হইবে না এবং উক্ত কর্মচারির কোন ঋণ বা দায় সম্পর্কে কোন আদালত কর্তৃক প্রদত্ত ডিক্রী বা ব্যয়ের অধীন উহা ক্রোকযোগ্য হইবে না অথবা দেউলিয়া আইনের অধীন কোন অর্থ দাবী করিবার অধিকারী হইবে না।

১০। কর্মচারীদের প্রেষণে নিয়োগ- ভবিষ্য তহবিল সদস্যভুক্ত কর্তৃপক্ষের কোন কর্মচারি প্রেষণে অন্যত্র নিযুক্ত হইলে তীহার ভবিষ্য তহবিলে চাঁদা প্রদান করা সাপেক্ষে সদস্যপদ এমনভাবে বহাল থাকিবে যেন তিনি কর্তৃপক্ষে কর্মরত আছেন।

১১। তহবিল ব্যবস্থাপনা- (১) 'বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্মচারী (কন্ট্রিবিউটরি) তহবিল' নামে তফসিলি ব্যাংকে একটি ব্যাংক হিসাব থাকিবে এবং উক্ত তহবিলের সকল অর্থ দ্রুততম সময়ে উক্ত ব্যাংক হিসাবে স্থানান্তর করিতে হইবে।

(২) তহবিলের ব্যাংক হিসাব ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান এবং সদস্য-সচিব- এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হইবে।

১২। বিনিয়োগ- ভবিষ্য তহবিলে জমাকৃত মোট অর্থের বিপরীতে সদস্যদের জন্য সম্ভাব্য ঋণ ও চূড়ান্ত পাওনা এবং অন্যান্য জরুরি ব্যয় পরিশোধের জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখিয়া অবশিষ্ট অর্থ ভবিষ্য তহবিলের নামে-

- (ক) ট্রাস্ট অ্যাক্ট ১৮৮২ এর ২০ ধারার (a) হইতে (e) উপধারায় বর্ণিত সিকিউরিটিজ ক্রয়ে বিনিয়োগ করা যাইবে; অথবা
- (খ) বাংলাদেশ ডাকঘর সঞ্চয়ী/স্থায়ী আমানতে বিনিয়োগ করা যাইবে; অথবা
- (গ) সরকার কর্তৃক ইস্যুকৃত যে কোন বন্ড ক্রয়ে বিনিয়োগ করা যাইবে; অথবা
- (ঘ) বাংলাদেশ ব্যাংক অনুমোদিত তফসিলি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে স্থায়ী আমানতে বিনিয়োগ করা যাইবে; অথবা
- (ঙ) সরকার কর্তৃক অনুমোদিত অন্য কোন ঋতে বিনিয়োগ করা যাইবে।

১৩। ভবিষ্য তহবিল হইতে ঋণ গ্রহণ ও পরিশোধ- (১) ভবিষ্য তহবিলের সদস্য হওয়ার ২ (দুই) বছর পর কোন সদস্য উক্ত তহবিল হইতে ঋণ গ্রহণের যোগ্য হইবেন।

- (২) ভবিষ্য তহবিলের সদস্য তাহাদের জমাকৃত (মুনাফা ব্যতীত) অংশের সর্বোচ্চ ৮০% (আশি শতাংশ) ব্যক্তিগত ও পরিবারের সদস্যদের বিবাহ, চিকিৎসা, লেখাপড়া, বাড়িঘর নির্মাণ ও মেরামত সংক্রান্ত কাজে ব্যয়ের জন্য ঋণ গ্রহণ করিতে পারিবেন।
- (৩) ঋণ গ্রহণের জন্য সদস্যগণ চেয়ারম্যান, ভবিষ্য তহবিল ট্রাস্টি বোর্ড বরাবর নির্ধারিত ফরম অনুযায়ী আবেদন করিবেন।
- (৪) ঋণ গ্রহণের উপর ঋণ গ্রহণের পরবর্তী মাস হতে গৃহীত ঋণ সর্বোচ্চ ৪৮ (আটচল্লিশ) মাসে ক্রমহ্রাসমান জের পদ্ধতি (Reducing Balance Method)- এ সুদ ও আসলসহ পরিশোধ করিতে হইবে। এই ক্ষেত্রে ট্রাস্টি বোর্ড যৌক্তিক সুদের হার নির্ধারণ করিবে।
- (৫) কোন সদস্য ভবিষ্য তহবিল হইতে ঋণ গ্রহণ করিবার পর সুদাসলসহ উক্ত ঋণের শেষ কিস্তি পরিশোধ হওয়ার ন্যূনপক্ষে ৬ (ছয়) মাস অতিক্রান্ত না হওয়া পর্যন্ত পুনরায় ঋণ গ্রহণ করিতে পারিবেন না। তবে অতীত জরুরি/বিশেষ বিবেচনায় ট্রাস্টি বোর্ড ৬ (ছয়) মাস উত্তীর্ণ হওয়ার পূর্বেও এইরূপ ঋণ মঞ্জুর করিতে পারিবে।
- (৬) সদস্যের বয়স ৫৫ (পঞ্চাশ) হওয়ার পর ভবিষ্য তহবিল হইতে গৃহীত অগ্রিম ফেরৎ প্রদান করিতে হইবে না;
- (৭) কোন কারণে ঋণ গ্রহণকারী ঋণ পরিশোধে ব্যর্থ হইলে কর্তৃপক্ষের নিকট তীহার পাওনা হতে উহা সমন্বয় করা হইবে।


মোহাম্মদ সারওয়ার
কর্মকর্তা
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩
মোহাম্মদ জয়নুল বারী
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ. দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

20 SEP 2022

১৪। **উত্তরাধিকারী।-** (১) কোন সদস্য তহবিলের উত্তরাধিকারী মনোনয়নের ক্ষেত্রে পরিবারের সদস্যদের মধ্য হইতে নির্ধারিত ফরমে মনোনয়ন প্রদান করিতে হইবে।

(২) ভবিষ্য তহবিলের সদস্য প্রয়োজনবোধে ট্রাস্টি বোর্ডের অনুমোদনক্রমে মনোনীত 'উত্তরাধিকারী' পরিবর্তন করিতে পারিবেন।

১৫। **ভবিষ্য তহবিল হইতে অর্থ/সুবিধাদি প্রাপ্তির যোগ্যতা।-** ভবিষ্য তহবিল হইতে একজন সদস্যের অর্থ/সুবিধাদি প্রাপ্তির যোগ্যতা নিম্নরূপ:

- (১) ভবিষ্য তহবিলে কোন সদস্য একটানা ৫ (পাঁচ) বৎসর বা তাহার অধিক সময় চাকুরী করিবার পর স্বেচ্ছায় চাকুরী ত্যাগ/ইন্তফা প্রদান করিলে তিনি ভবিষ্য তহবিলের মুনাফাসহ উভয় অংশের (সদস্যের নিয়োগকর্তার চাঁদা মুনাফাসহ) সম্পূর্ণ টাকা প্রাপ্য হইবেন।
- (২) ভবিষ্য তহবিলের কোন সদস্য ৫ (পাঁচ) বৎসরের কম সময় চাকুরী করিবার পর স্বেচ্ছায় চাকুরী ত্যাগ/ইন্তফা প্রদান করিলে তিনি ভবিষ্য তহবিলে শুধু মুনাফাসহ তাহার নিজস্ব অংশের অর্থ প্রাপ্য হইবেন। নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত চাঁদা ও তাহার মুনাফা তিনি কোনভাবেই প্রাপ্য হইবেন না;
- (৩) ভবিষ্য তহবিলের কোন সদস্য উপযুক্ত মেডিকেল বোর্ড/কর্তৃপক্ষ কর্তৃক চাকুরী করিতে অযোগ্য ঘোষিত হইলে উক্ত সদস্যকে ট্রাস্টি বোর্ড ভবিষ্য তহবিলের প্রাপ্য অর্থ প্রদান করিতে পারিবে।
- (৪) ভবিষ্য তহবিলের কোন সদস্যকে শৃঙ্খলাভঙ্গ জনিত কারণে অথবা বিভাগীয় দন্ডের কারণে চাকুরী হইতে বরখাস্ত করা হইলে তিনি ভবিষ্য তহবিলে শুধু মুনাফাসহ নিজস্ব অংশের অর্থ প্রাপ্য হইবেন।
- (৫) ভবিষ্য তহবিলের কোন সদস্যদের যে কোন সময় মৃত্যু ঘটলে এ নীতিমালা অনুযায়ী তাহার উত্তরাধিকারী মুনাফাসহ উভয় অংশের সম্পূর্ণ টাকা প্রাপ্য হইবেন। যুক্তিসংগত কারন ব্যতীত এই ক্ষেত্রে সর্বোচ্চ ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে উক্ত অর্থ পরিশোধ করিতে হইবে।

১৬। **হিসাব-নিরীক্ষা।-** ভবিষ্য তহবিলের আয়-ব্যয়ের হিসাব ও স্থিতিপত্র বাংলাদেশ ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্টেন্টস অর্ডার, ১৯৭৩ (P.O. 2 of 1973) এর Article 2(1)(b) তে সংজ্ঞায়িত চার্টার্ড একাউন্টেন্টগণের মাধ্যমে গঠিত নিরীক্ষা প্রতিষ্ঠান দ্বারা নিরীক্ষিত হইবে এবং এতদসংক্রান্ত ব্যয় ভবিষ্য তহবিলের অর্থ হইতে নির্বাহ করা হইবে। প্রত্যেক হিসাব বছর শেষ হওয়ার ৩ (তিন) মাসের মধ্যে নিরীক্ষা কাজ সম্পন্ন করিতে হইবে।

১৭। **ফরম।-** ভবিষ্য তহবিলে সদস্য হওয়া, তহবিল হইতে ঋণ গ্রহণ এবং উক্ত তহবিলের মনোনয়নের জন্য নিম্নবর্ণিত নির্ধারিত ফরম ব্যবহার হইবে:

- | | |
|--------------------------------|---------|
| (ক) সদস্য পদ ফরম - | ফরম 'ক' |
| (খ) উত্তরাধিকারী মনোনয়ন ফরম - | ফরম 'খ' |
| (গ) ঋণ বিতরণ ফরম - | ফরম 'গ' |

সকল সদস্য উত্তরাধিকার মনোনয়ন ফরম যথাযথভাবে পূরণপূর্বক ট্রাস্টি বোর্ডের সদস্য সচিবের নিকট জমা করিবেন।

20 SEP 2022

মোহাম্মদ জয়নুল বারী
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ, দিলকুশা বা/এ. ঢাকা-১০০০

সাহিমদা সারওয়ার
কর্মকর্তা
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

তৃতীয় অধ্যায়

বিবিধ

১৮। বাধ্য-বাধকতা।- (১) কর্তৃপক্ষের চাকুরী স্থায়ীকরণের পরে ভবিষ্য তহবিলের সদস্যপদের যোগ্য হইবে;

(২) যে কোন কারণে চাকুরীর অবসায়ন না হইলে ভবিষ্য তহবিলের সদস্যপদ প্রত্যাহার করা যাইবে না।

১৯। অসুবিধা দূরীকরণ।- (১) বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্মচারী (কন্ট্রিবিউটরি) ভবিষ্য তহবিল নীতিমালা, ২০২২ এর কোন অনুচ্ছেদ পরিবর্তন, পরিমার্জন ও সংশোধন করিবার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করিবে;

(২) এই নীতিমালা কোন বিষয়ে ব্যাখ্যা/স্পষ্টীকরণের প্রয়োজন হইলে কর্তৃপক্ষ যেইরূপ সিদ্ধান্ত প্রদান করিবে তাহা চূড়ান্ত বলে গণ্য হইবে।

20 SEP 2022

মোহাম্মদ জয়নুল বারী
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

মোহাম্মদ জয়নুল বারী
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ফাহিমদা সারওয়ার
কর্মকর্তা
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

‘ক’

ভবিষ্য তহবিলের সদস্যপদ ফরম

চেয়ারম্যান

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্মচারী (কন্সলিডেটরি) ভবিষ্য তহবিল ট্রাস্টি বোর্ড

.....
.....
.....

১. নাম :

২. পিতার নাম :

৩. মাতার নাম :

৪. স্বামী/স্ত্রীর নাম (যদি থাকে) :

৫. পরিচিতি নম্বর (যদি থাকে) :

৬. শাখা :

৬. পদবী :

৮. (ক) অধিশাখা :

(খ) অনুবিভাগ :

৯. চাকুরীতে যোগদানের তারিখ :

১০. চাকুরীতে স্থায়ী হওয়ার তারিখ :

১১. বর্তমান মূল মজুরী/বেতন :

১২. জাতীয়তা :

১৩. জন্ম তারিখ :

১৪. জাতীয় পরিচয় পত্র নং :

১৫. স্থায়ী ঠিকানা :

১৬. বর্তমান ঠিকানা :

আমি ভবিষ্য তহবিলের সদস্য হওয়ার জন্য আবেদন পেশ করছি এবং প্রতিমাসে আমার বেতন হইতে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্মচারী (কন্সলিডেটরি) ভবিষ্য তহবিল নীতিমালা, ২০২২ অনুযায়ী চাঁদা কর্তন করার অনুরোধ করছি। আমি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্মচারী (কন্সলিডেটরি) ভবিষ্য তহবিল নীতিমালা, ২০২২ যথাযথভাবে মানিয়া চলিতে বাধ্য থাকিব।

সদস্যের স্বাক্ষর

স্বাক্ষরঃ ১।

স্বাক্ষরঃ

তারিখঃ

২।

স্বাক্ষরঃ

তারিখঃ

বিঃ দ্রঃ উত্তরাধিকারী মনোনয়ন ফরম ‘খ’ এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

উপরে বর্ণিত তথ্যাদি পর্যালোচনা করিয়া সঠিক পাওয়া গিয়াছে। তাহাকে ভবিষ্য তহবিলের সদস্য করা যাইতে পারে।



ফাহিমদা সারওয়ার
কর্মকর্তা
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ



20 SEP 2022

সদস্য সচিব
মোহাম্মদ আরশাদুল হক
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ, দিলকশা বাইপাস, ঢাকা-১০০০

ফরম 'খ'
ভবিষ্য তহবিলের উত্তরাধিকারী মনোনয়ন ফরম

আমি.....নিম্নে ছকে উল্লিখিত ব্যক্তি/ব্যক্তিগণ আমার
অবর্তমানে আমার উত্তরাধিকারী হিসেবে গণ্য হইবে এবং তাঁহার/তাহাদের পাশ্বে বর্ণিত হারে ভবিষ্য তহবিলের অংশ প্রাপ্য হইবেনঃ

উত্তরাধিকারীর নাম ও ঠিকানা	সদস্য এর সাথে সম্পর্ক	প্রাপ্ত বয়স্ক/অপ্রাপ্ত বয়স্ক ও বয়স (প্রাপ্ত বয়স্ক হলে জাতীয় পরিচয় পত্র নম্বর)	প্রাপ্য অংশ	অপ্রাপ্ত বয়স্কের পক্ষে টাকার অংশ গ্রহণকারী ব্যক্তির নাম ও ঠিকানা
১	২	৩	৪	৫

তারিখঃ

সদস্যের স্বাক্ষর

দু'জন স্বাক্ষরী স্বাক্ষরঃ

১। স্বাক্ষর:

পদবী:

শাখা:

বিভাগ:

পরিচিতি নম্বর (যদি থাকে):

২। স্বাক্ষর:

পদবী:

শাখা:

বিভাগ:

পরিচিতি নম্বর (যদি থাকে):

অনুমোদিত

সদস্য-সচিব
ট্রাস্টি বোর্ড

চেয়ারম্যান
ট্রাস্টি বোর্ড


20 SEP 2022

মোহাম্মদ জয়নুল বারী
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
১৭/এ দিলকশা বা/এ. ঢাকা-১০০০


ফাহিমদা সারওয়ার
কর্মকর্তা
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ফরম 'গ'
ভবিষ্য তহবিলের ঋণ বিতরণ ফরম

চেয়ারম্যান

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্মচারী (কম্পিউটারি) ভবিষ্য তহবিল ট্রাস্টি বোর্ড

.....

.....

.....

১. নাম :
৩. শাখা :
৫. পরিচিতি নম্বর (যদি থাকে) :
৬. আবেদনকৃত ঋণের পরিমাণ :
৭. ঋণ গ্রহণের উদ্দেশ্য :
৮. কত কিস্তিতে ঋণ পরিশোধ করা হবে :

২. পদবী :

৪. বিভাগ :

সদস্যের স্বাক্ষর
তারিখ:

বিভাগীয় প্রধানের সুপারিশ

মোট জমাকৃত অর্থ :
ঋণের জন্য সুপারিশকৃত অর্থ : (অংকে) (কথায়)

হিসাবরক্ষণ কর্মকর্তা

সদস্য-সচিব
ট্রাস্টি বোর্ড

টাকা..... ঋণ অনুমোদন করা হলো। যা..... কিস্তিতে পরিশোধযোগ্য।

অনুমোদিত

চেয়ারম্যান
ট্রাস্টি বোর্ড

ভবিষ্য তহবিল হতে টাকা ঋণ গ্রহণ করা হলো।



হাফিজুর সারওয়ার
কর্মকর্তা
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ



20 SEP 2022

সদস্যের স্বাক্ষর
তারিখ:

মোহাম্মদ জয়নুল বারী
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ, দিল্লীলা বা/এ, ঢাকা-১০০০